44

তারিখ ... 30 JAN 1996 ...
পৃষ্ঠা ৩ কলাম ... ৫ ...

দৈনিক ইত্তেফাক

## চট্টগ্রাম ভার্সিটিঃ ভর্তির তারিখ পরিবর্তন

চট্টগ্রাম অফিস ।। চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের ১ম বর্ষ অনার্স কোর্সের বিভিন্ন বিষয়ের ভর্তি পরীক্ষার পূর্ব প্রকাশিত তারিখ পরিবর্তন এবং কতিপয় বিধি নিয়ম পুনর্বিন্যাস করা হইয়াছে। বিশ্ববিদ্যালয়ের এক প্রেসবিজ্ঞপ্তিতে জানানো হয় যে, অনার্স কোর্সের ভর্তি পরীক্ষার ফরমের সহিত প্রার্থীর ২টির পরিবর্তে ৩টি পাসপোর্ট সাইজের সত্যায়িত ছবি সংযোজন করিতে হইবে।

বনবিদ্যা এবং সামুদ্রিক বিজ্ঞান

( ৪র্থ পৃঃ দ্রঃ )

## চট্টগ্রাম ভার্সিটি

( ৩য় পৃঃ পর )

ইনষ্টিটিউটের ভর্তি পরীক্ষার আবেদন সাদা কাগজের পরিবর্তে নির্ধারিত ছাপানো ফরমে করিতে হইবে। এই ফরম ১৫০ টাকা নগদ জমা দিয়া চট্টগ্রামে অগ্রণী ব্যাংকের নির্ধারিত শাখাসমূহে পাওয়া যাইবে।

পরীক্ষার অন্যান্য শর্তাবলী ও নিয়মাবলী অপরিবর্তিত থাকিবে। পরীক্ষার পরিবর্তিত তারিখ

ঘ ইউনিট ১৮ই মার্চ। ঙ ইউনিট ১৯শে মার্চ, খ-ইউনিটের অন্তর্গত চারুকলা/আরবী/পালি/সংস্কৃত ও সমুদ্র বিজ্ঞান ইনষ্টিটিউট ২০শে মার্চ। ক-ইউনিট ২৩শে মার্চ। খ-ইউনিট ২৫শে মার্চ, গ-ইউনিট ২৫শে মার্চ। বনবিদ্যা ইনষ্টিটিউট ২৭শে মার্চ।